পরশুরাম উপজেলা পরিষদ
পরশুরাম, ফেনী

## জুন, ২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব কামাল উদ্দিন মজুমদার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পরশুরাম, ফেনী
সভার স্থান : উপজেলা পরিষদ খোকা মিয়া মিলনায়তন
তারিখ ও সময় : ১৫ জুন ২০২২, দুপুর ১২:৩০ ঘটিকা

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক' ও 'খ'তে সংযোজন করা হলো

সভাপতি সভার শুরুতে উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। উপজেলার সকল সরকারি দপ্তরের বিভিন্ন উন্নয়ন মূলক কর্মকান্ড বিষয়ে আলোচনা করেন এবং সরকারি নির্দেশনা মোতাবেক সঠিকভাবে বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করার জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান। সভায় দপ্তর ভিত্তিক কর্মকান্ড সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র: নং | দপ্তর/ বিভাগ | আলোচনা, সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|
| | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সকল সদস্যের সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। |
| ১ | স্বাস্থ্য অফিস | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভায় জানান, মে/২০২২ খ্রি: মাসে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের হাসপাতাল ও মাঠ পর্যায়ের বিভিন্ন বিভাগ/ইউনিটের কাজের অগ্রগতি যথাক্রমে: ১। ইপিআই : মোট টিকা প্রাপ্ত শিশুর সংখ্যা ৭২৭জন এবং টিকা প্রাপ্ত মহিলার সংখ্যা ৬০৫ জন ২। কমিউনিটি ক্লিনিক : পরশুরাম উপজেলাধীন ০৩টি ইউনিয়ন ও ০১টি পৌরসভায় চালুকৃত ১২টি কমিউনিটি ক্লিনিকে মোট ৪২০৯ জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে ৩। জরুরি বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ৯৭২জন ৪। বহি: বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ৫৪৩৩জন ৫। আন্ত: বিভাগ : ভর্তিকৃত রোগীর সংখ্যা ৬৩৮জন ৬। বেড অকুপেন্সি রেট : শয্যা সংখ্যা ৫০%, বেড অকুপেন্সি রেট ৯০% ৭। নরমাল ডেলিভারির সংখ্যা : ৩৯টি ৮। এ,আর, আই রোগীর সংখ্যা ২৪৬ টি ০৯। জখমী সনদ প্রদান ১৫টি ১০। মাইনর অপারেশনের সংখ্যা ২৭১ টি ১১। ডিএসডি সেবা ০৬ জন ১২। উপ-স্বাস্থ্য কেন্দ্রসমূহে রোগীর সংখ্যা ৭৩৮জন ১৩। ডায়রিয়া রোগীর সংখ্যা ২৮৪ জন ১৪। প্যাথলজিক্যাল পরীক্ষা নিরীক্ষার সংখ্যা ২৯০জন ১৫। ইসিজি পরীক্ষার সংখ্যা : ৭০টি ১৬। মে/২০২২ খ্রি: মাসে এ্যাম্বুলেন্সে রোগী পরিবহন এবং ইউজার ফি আদায় বাবদ মোট ৫৪,২২৮/- (চুয়ান্ন হাজার দুইশত আটাশ) টাকা মাত্র সরকারি কোষাগারে জমা করা হয়েছে।<br><br><u>করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত</u> করোনা ভাইরাস প্রতিরোধ কার্যক্রমে সরকার কর্তৃক ঘোষিত ও নির্দেশিত সকল কার্যক্রম বাস্তবায়নে পরশুরাম উপজেলা স্বাস্থ্য বিভাগ নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। এই পর্যন্ত অত্র উপজেলা হতে ৫৫১৯ জনের নমুনা সংগ্রহ করে পরীক্ষার জন্য প্রেরণ করা হয়েছে। তন্মধ্যে ৫৪০৬ জনের পরীক্ষার ফলাফল পাওয়া গেছে। উক্ত ফলাফলে স্বাস্থ্য বিভাগে কর্মরত ১৪ জনসহ মোট ১১৯০ জনের পজিটিভ রিপোর্ট পাওয়া গেছে। সংক্রমনকৃত রোগীদেরকে জাতীয় গাইডলাইন ও নির্দেশিকা অনুযায়ী প্রয়োজনীয় চিকিৎসা প্রদান করা হচ্ছে। ইতিমধ্যে স্বাস্থ্য বিভাগের ১৪ জনসহ মোট ১১৮৩ জন সুস্থ হয়েছে, ০৭ জন মৃত্যুবরন করেছেন।<br><br><u>কোভিড-১৯ ভ্যাকসিনেশান কার্যক্রম:</u> কোভিড-১৯, প্রতিরোধে সাইনোফার্মা/সিনোবেক ১ম ও ২য় ডোজ চলছে ২য় ডোজ প্রাপ্তির ৪ মাস পূর্ণ হলে মেসেজ প্রাপ্তি স্বাপেক্ষে ৩য় ডোজ মর্ডানা/ফাইজার টিকা প্রদান চলছে এবং ইউনিয়ন পরিষদের কেন্দ্রসহ সকল কমিউনিটি ক্লিনিকে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনায় বিভিন্ন সময়ে গনটিকা অনুষ্ঠিত হচ্ছে। এযাবত ৮০৭৯৫ জনকে ১ম ডোজ ৭৩৮২১ জনকে ২য় ডোজ এবং ১১৬৯৪ জনকে ৩য় ডোজ টিকা প্রদান করা হয়েছে। পরশুরাম উপজেলা কোভিড-১৯ টিকা প্রদানের হার ৬৮%। সকলকে কোভিড-১৯ টিকা গ্রহণ নিশ্চিত করার জন্য স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে বিশেষভাবে অনুরোধ করা হয়।<br><br><u>জাতীয় ভিটামিন-এ প্লাস ক্যাম্পেইন পালন সংক্রান্ত</u> : ১৫-১৯ জুন ২০২২খ্রি: জাতীয় ভিটামিন-এ প্লাস ক্যাম্পেইন অনুষ্ঠিত হতে যাচ্ছে। অত্র উপজেলার ৩টি ইউনিয়ন ও ১টি পৌরসভায় মোট ১০৩ টি টিকা কেন্দ্রে উপস্থিতির মাধ্যমে ৬-১১ মাস বয়সী সকল শিশুকে ১টি করে নীল রঙের ভিটামিন-এ ক্যাপসুল এবং ১২-৫৯ মাস বয়সী সকল শিশুকে ১টি করে লাল রঙের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হবে। উক্ত কর্মসূচী সকলের অবগতির জন্য বাড়ি বাড়ি আইপিসি, মসজিদ বার্তা ও মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচারনা চালনো হচ্ছে, জাতীয় ভিটামিন-এ প্লাস ক্যাম্পেইন সফল বাস্তবায়নের লক্ষে স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করা হয়। এই জাতীয় কর্মসূচীকে যে কোন প্রকার গুজবের নেতিবাচক প্রভাব মুক্ত রাখার জন্য সকলের সহযোগিতা কামনা করা হয়। |

| | | |
|---|---|---|
| ২ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে উন্নয়ন সংশোধিত বাজেটে "ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা" খাতের আওতায় ইউনিয়নের অনগ্রসরতা প্রাকৃতিক দুর্যোগ এবং কোভিড-১৯ খাতে অত্র উপজেলায় সর্বমোট = ১৮,০০,০০০/- (আঠারো লক্ষ) টাকা মাত্র বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দের অনুকূলে ফেনী-০১ আসনের মাননীয় সংসদ সদস্য কর্তৃক প্রকল্প দাখিল করেন। যাহা পরিশিষ্ট 'ক' তে দেখা যেতে পারে। ২০২১-২২ অর্থ বছরে "ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা" খাতে অত্র উপজেলায় সর্বমোট = ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা মাত্র বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দের অনুকূলে ফেনী-১ আসনের মাননীয় সংসদ সদস্য কর্তৃক প্রকল্প দাখিল করেন। যাহা পরিশিষ্ট 'ক' তে দেখা যেতে পারে। এখানে উল্লেখ্য যে, সময়ের স্বল্পতার জন্য e-tender পদ্ধতিতে দরপত্র আহবান করা সম্ভব নয় বলে উক্ত প্রকল্প সমূহ RFQ পদ্ধতিতে কোটেশান এর মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে এবং প্রকল্প সমূহ অনুমোদন করা যেতে পারে। উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, ২০২১-২২ অর্থ বছরে সংশোধিত বাজেটে ইউনিয়ন পরিষদ খাতের জন্য ও সেবা সহায়তা খাতে (ক) মির্জানগর ইউনিয়ন পরিষদ মেরামত এর জন্য = ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা মাত্র এবং চিথলিয়া ইউনিয়ন পরিষদ মেরামতের জন্য = ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা মাত্র বরাদ্দ পাওয়া যায়। উক্ত প্রকল্প ০২টি বাস্তবায়নের জন্য e-tender পদ্ধতিতে দরপত্র আহবান করা হয়। তাছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক।<br>বাস্তবায়নেঃ উপজেলা প্রকৌশলী, পরশুরাম, ফেনী। |
| ৩ | কৃষি অফিস | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, যে বোরো আবাদ লক্ষ্য মাত্রা ও অর্জনঃ ৩২৭০.০ হেঃ, অর্জিত ৩৩০০.০ হেঃ, আউশ প্রনোদনা ২০২১-২২ পরশুরাম উপজেলার জন্য ৬২০ জন বা ৬২০ বিঘার জন্য বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দ অনুযায়ী পৌরসভায় ১৪০ জন, চিথলিয়া ইউনিয়নে ১৬০ জন, মির্জানগর ইউনিয়নে ১৬০ জন ও বক্সমাহমুদ ইউনিয়নে ১৬০ জন বিভাজন দেওয়া হয়েছে। বিভাজন অনুযায়ী বিতরণ করা হয়েছে। বিভিন্ন প্রকল্পের প্রদর্শনী বাস্তবায়ন কার্যক্রম চলমান। রাসায়নিক সারের মজুদ সন্তোষজনক।<br>বাস্তবায়নেঃ উপজেলা কৃষি কর্মকর্তা, পরশুরাম, ফেনী। |
| ৪ | প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান, মে/২০২২ খ্রিঃ মাসে প্রাণিসম্পদ বিভাগীয় সম্প্রসারণ কার্যক্রম যথাক্রমেঃ গবাদি পশুর চিকিৎসা- ১৩৬৫ টি, হাঁস-মুরগীর চিকিৎসা- ৬৪৯৫ টি, কৃত্রিম প্রজনন-৮১টি, দুধ উৎপাদন ৬৬২ মেঃ টন, মাংস উৎপাদন- ৩৪১ মেঃ টন, হাঁস-মুরগীর ডিম উৎপাদন- ৯.৫০ লক্ষ। গবাদি পশুর টিকা প্রদান-৫৬০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান ৪৮১০০ মাত্রা। এছাড়াও উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান, পার্শ্ববর্তী বর্ডার দিয়ে, যাতে কোন প্রকার গবাদিপশু প্রবেশ করতে না পারে সে জন্য বিজিবি ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে সতর্ক থাকার জন্য অনুরোধ জানান।<br>বাস্তবায়নেঃ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা। |
| ৫ | সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ৬ | খাদ্য নিয়ন্ত্রণ অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ৭ | মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মোবাইল কোর্ট পরিচালনা ও মৎস্য চাষি র‍্যালি করা হয়। পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদান এবং হাট-বাজার পরিদর্শনসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক।<br>বাস্তবায়নেঃ উপজেলা মৎস্য কর্মকর্তা, পরশুরাম, ফেনী। |
| ৮ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, সমবায় বিভাগের সমবায় সমিতির অডিট, পরিদর্শন, তদারকী, সমিতির গঠনের জন্য নার্সিং সরকারি রাজস্ব আদায় ও বাউরখুমা আশ্রয়ণ প্রকল্পের ঋণ আদায় কার্যক্রম অব্যাহত আছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক।<br>বাস্তবায়নেঃ উপজেলা সমবায় কর্মকর্তা, পরশুরাম, ফেনী। |
| ৯ | মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, বঙ্গবন্ধু সৃজনশীল ও জাতীয় শিক্ষা সপ্তাহ উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত হয়েছে। উক্ত অনুষ্ঠানের বরাদ্ধ না আসায় বিজয়ীদের পুরস্কার প্রদান করা সম্ভব হয় নাই। উল্লেখ্য যে, জাতীয় শিক্ষা সপ্তাহ জেলা পর্যায়ে পরশুরাম উপজেলা থেকে ৫টি বিষয়ে ৫জন বিজয়ী হয়েছে। মাধ্যমিক শিক্ষা অফিসার আরো জানান যে, আগামী ১৯ জুন ২০২২খ্রিঃ তারিখ হতে এসএসসি/সমমান পরীক্ষা শুরু হবে। উক্ত পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে অনুষ্ঠিত করার জন্য সবার সহযোগিতা কামনা করেন। তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক।<br>বাস্তবায়নেঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা। |
| ১০ | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, বিদ্যালয়সমূহে নিয়মিত শ্রেণি কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও দীর্ঘদিন করোনা পরিস্থিতির কারণে আন্তঃ প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত না হলেও ২০২২ সালে জেলা ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত হয়েছে। এর পাশাপাশি বঙ্গবন্ধু গোল্ডকাপ এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২২ এর ইউনিয়ন পর্যায়ের খেলা চলমান রয়েছে। তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক।<br>বাস্তবায়নেঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা। |
| ১১ | উপজেলা পরিষদ বাজেট | ২০২২-২০২৩ অর্থ বছরের পরশুরাম উপজেলা পরিষদের সম্ভাব্য বাজেট বিবরনী সভায় উপস্থাপন করা হয়। উপস্থাপিত বাজেট বিবরনীর আয়-ব্যয় সংক্রান্ত বিষয়গুলি সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে উহা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। |

| | | |
|---|---|---|
| ২২ | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস | উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, পৌরসভায় পানি সরবরাহের কাজ এবং ওয়াটার হেড ট্যাংকির কাজ চলমান। এছাড়াও বাঁশপদুয়া টু পৌরসভার পাইপ সঞ্চালনের কাজ চলমান। তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |

কামাল উদ্দিন মজুমদার
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
পরশুরাম, ফেনী

০২ আষাঢ় ১৪২৯
১৬ জুন ২০২২

স্মারক নং- ০৫.২০.৩০৫১.০০১.১৮.০০৫.২১- ৫৬২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ফেনী-১
০২। সচিব, দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫। পরিচালক, ত্রাণ অধিদপ্তর, দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৬। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
০৭। জেলা প্রশাসক, ফেনী
০৮। উপ-সচিব (উপজেলা শাখা), পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৯। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, এলজিইডি, ঢাকা
১০। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ফেনী
১১। জেলা ত্রাণ কর্মকর্তা, ফেনী
১২। ......................................................পরশুরাম, ফেনী
১৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, পরশুরাম উপজেলা পরিষদ, ফেনী
১৪। অফিস কপি

১৬/০৬/২২

সৈয়দা শমসাদ বেগম
উপজেলা নির্বাহী অফিসার
পরশুরাম, ফেনী

উপজেলা পরিষদ সভার

- উপস্থিতির বিবরণ ১৫.জুন/22 খ্রিঃ

| | | | |
|---|---|---|---|
| ০ | ০১ | জনাব শিরীন আখতার<br>মাননীয় সংসদ সদস্য, ফেনী-১ | |
| ০ | 02 | জনাব কামাল উদ্দিন মজুমদার<br>উপজেলা চেয়ারম্যান, পরশুরাম, ফেনী। | |
| ০ | ০৩ | জনাব নিজাম উদ্দিন আহমেদ চৌধুরী-<br>মেয়র, পরশুরাম পৌরসভা, ফেনী। | |
| ০ | 04 | জনাব জিনাতুল করিম মজুমদার<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | |
| ০ | ০৫ | জনাব মাসুদা নাহার<br>মহিলা ভাইস চেয়ারম্যান, উপঃ পরিষদ | |
| ০ | ০৬ | জনাব [illegible] ভূঞা<br>চেয়ারম্যান, ০১ নং মির্জানগর ইউপি | |
| ০ | 07 | জনাব জসিম উদ্দিন<br>চেয়ারম্যান, 03নং চিথলিয়া ইউপি | |
| ০ | 08 | জনাব আবদুল গফুর<br>চেয়ারম্যান, 04 নং বক্সমাহমুদ ইউপি | |
| ০ | ০৯ | জনাব নাহিদা আক্তার<br>সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ | |

## কর্মকর্তাবৃন্দ

| | | |
|---|---|---|
| ০১ | জনাব সৈয়দা সামসাদ বেগম<br>উপজেলা নির্বাহী অফিসার<br>দাগনভূঞা, ফেনী। | |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা<br>দাগনভূঞা, ফেনী। | |
| ০৩ | উপজেলা কৃষি কর্মকর্তা<br>দাগনভূঞা, ফেনী। | |
| ০৪ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা<br>দাগনভূঞা, ফেনী। | |
| ০৫ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা<br>দাগনভূঞা, ফেনী। | ১৫/৬/২২ |
| ০৬ | উপজেলা প্রকৌশলী (LGED)<br>দাগনভূঞা, ফেনী। | 15.6.22 |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা<br>দাগনভূঞা, ফেনী। | 15.6.22 |
| ০৮ | উপজেলা শিক্ষা কর্মকর্তা<br>দাগনভূঞা, ফেনী। | 15/06/2022 |
| ০৯ | উপজেলা মৎস্য কর্মকর্তা<br>দাগনভূঞা, ফেনী। | ১৫/৬/২০২২ |
| ১০ | উপজেলা সমবায় কর্মকর্তা<br>দাগনভূঞা, ফেনী। | ১৫/৬/২২ |

| | | | |
|---|---|---|---|
| ০১ | ১১ | উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় কর্মকর্তা, পরশুরাম, ফেনী। | [signature] ২২.০৩. |
| ০২ | ১২ | উপজেলা মৎস্য কর্মকর্তা পরশুরাম, ফেনী। | [signature] |
| ০৩ | ১৩ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা পরশুরাম, ফেনী। | [signature] |
| ০৪ | ১৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা পরশুরাম, ফেনী। | [signature] |
| ০৫ | ১৫ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক পরশুরাম, ফেনী। | [signature] |
| ০ | ১৬ | উপজেলা শিক্ষা বিষয়ক কর্মকর্তা পরশুরাম, ফেনী। | |
| ০ | ১৭ | উপ: সহকারী প্রকৌশলী - (জনস্বাস্থ্য) পরশুরাম, ফেনী। | [signature] |
| ০ | ১৮ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পরশুরাম, ফেনী | [signature] |
| ০ | ১৯ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা পরশুরাম, ফেনী। | [signature] |
| | ২০ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা পরশুরাম, ফেনী। | |
| | ২১ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | [signature] |

অনুলিপি প্রাপকবৃন্দ

01 ভারপ্রাপ্ত কর্মকর্তা
পরশুরাম মডেল থানা, পরশুরাম, ফেনী, — [illegible]/04/2022

02 উপজেলা নির্বাচন কর্মকর্তা
পরশুরাম, ফেনী,

03 উপজেলা প্রাণিসম্পদ ও চিকিৎসা কর্মকর্তা
পরশুরাম, ফেনী, — [illegible]

04 জিএম, পল্লী বিদ্যুৎ সমিতি
পরশুরাম, ফেনী, — [illegible]

05 উপজেলা তথ্য সেবা কর্মকর্তা
পরশুরাম, ফেনী, — 21/4/2022

06 সহকারী প্রোগ্রামার (ICT)
পরশুরাম, ফেনী,

07 ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, পরশুরাম, ফেনী।

08 উপজেলা সেটেলমেন্ট কর্মকর্তা
পরশুরাম, ফেনী।